

স্মারক নম্বর: ৪৩.২৩.০০০০.০০০.১২১.৯৯.০০০২.২২.৫২

তারিখ: ২১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: প্রত্নচর্চা-১১-তে প্রবন্ধ প্রেরণের সময় বৃদ্ধিকরণ।

২০২৫-২৬ অর্থবছরে প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক প্রত্নচর্চা-১১ গবেষণাধর্মী আন্তর্জাতিক জার্নাল প্রকাশের লক্ষ্যে লেখা প্রেরণের সময়সীমা আগামী ৩০ এপ্রিল/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। প্রত্নতত্ত্ব অধিদপ্তরে কর্মরত আগ্রহী বিভিন্ন গ্রেডের কর্মচারীদের প্রত্নচর্চা-১১ প্রকাশের জন্য ইতিহাস, প্রত্নতত্ত্ব, মুদ্রা, শিলালিপি, মূর্তিতত্ত্ব, সংরক্ষণবিদ্যা, জাদুঘরবিদ্যা, স্থাপত্য, সামাজিক ও সাংস্কৃতিক নৃতত্ত্ব, প্রত্ন-পর্যটন ইত্যাদি বিষয়ে মৌলিক গবেষণাধর্মী ও প্রকাশনা উপযোগী প্রবন্ধ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। প্রত্নচর্চায় লেখা প্রকাশের জন্য লেখকদের জন্য নির্দেশনা

১. প্রবন্ধ অবশ্যই অপ্রকাশিত ও মৌলিক গবেষণাধর্মী হতে হবে এবং প্রবন্ধ বিষয়ক সকল দায়-দায়িত্ব প্রবন্ধকারের।

২. প্রবন্ধকারদেরকে সূত্র ব্যবহারে ফুটনোট শিকাগো (Chicago) স্টাইল ব্যবহার করতে হবে।

৩. কম্পিউটার কম্পোজ করার ক্ষেত্রে বাংলায় SutonnyMJ ফন্ট ব্যবহার করতে হবে। কাগজের সাইজ A4। প্রতি পৃষ্ঠায় মার্জিন থাকবে: উপরে ২ ইঞ্চি, নিচে ২ ইঞ্চি, ডানে ১.৬৫ ইঞ্চি এবং বামে ১.৬ ইঞ্চি। প্রবন্ধে লেখকের পেশাগত পরিচয় ও ঠিকানা থাকতে হবে।

৪. প্রকাশের জন্য মনোনীত কিংবা অমনোনীত কোন পাণ্ডুলিপি ফেরত দেয়া হয় না।

৫. প্রবন্ধের সূচনায় একটি সারসংক্ষেপ অবশ্যই দিতে হবে। আনুমানিক ২০০ শব্দের সারসংক্ষেপ এবং চাবি শব্দ (Key word)

৩-৭টি থাকতে হবে।

৬. প্রমিত বাংলা বানান রীতি অনুসরণ করে প্রবন্ধ রচিত হওয়া বাঞ্ছনীয়।

৭. উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের কোনো পরিবর্তন হবে না। টীকা ও বক্তব্যের উৎস ও উল্লেখ স্বতন্ত্রভাবে হবে। টীকার ক্ষেত্রে শব্দের উপর সুপারস্ক্রিপ্ট (যেমন-বাংলাদেশ^১) সংখ্যা ব্যবহার করতে হবে। প্রবন্ধের শেষে সংখ্যা অনুসারে টীকা উপস্থাপন করতে হবে।

৮. তথ্য নির্দেশের ক্ষেত্রে লেখকের পূর্ণ নাম, বইয়ের নাম, প্রকাশস্থান, প্রকাশক, প্রকাশকাল এবং পৃষ্ঠা নম্বরের উল্লেখ করতে হবে।

৯. মূল পাঠের মধ্যে উদ্ধৃতি তিন লাইনের বেশি হলে পৃথক অনুচ্ছেদে তা উপস্থাপন করতে হবে।

১০. বই ও পত্রিকার নাম বাঁকা (italic) অক্ষরে হবে। বিদেশি শব্দ বাংলা বর্ণীকরণের নিয়ম অনুযায়ী লিখিত হবে। কিন্তু ব্যক্তি ও বইয়ের নাম প্রথমবার উল্লেখের সময় তা প্রথম বন্ধনীর মধ্যে ইংরেজিতে লিখতে হবে।


১১. সংযুক্ত আলোকচিত্র ও নকশার রেজুলেশন উৎকৃষ্টমানের হতে হবে।

১২. প্রাতিষ্ঠানিক বা ব্যক্তিগত প্রতিবেদন সর্বোচ্চ ৪০০০ (চার হাজার) শব্দের মধ্যে হতে হবে।

৩। লেখা প্রেরণের সর্বশেষ তারিখ :

- আগামী ৩০ এপ্রিল ২০২৬ তারিখ এর মধ্যে প্রবন্ধের দুই কপি পাণ্ডুলিপি সরাসরি/ই-মেইলে জমা দিতে হবে। নিম্নলিখিত ই-মেইলে সফটকপি প্রেরণ করতে হবে।

dr.rahmanarchaeology@gmail.com / fardaush.1977@gmail.com



০৪-০৪-২০২৬

ড. মো. আতাউর রহমান
উপপরিচালক (প্রকাশনা)

প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, প্রত্নতত্ত্ব অধিদপ্তর।
- ২। উপপরিচালক, প্রত্নতাত্ত্বিক প্রকৌশলী/প্রত্নসম্পদ ও সংরক্ষণ/ প্রত্নতাত্ত্বিক রসায়নবিদ, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
- ৩। আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা/ চট্টগ্রাম অঞ্চল, কুমিল্লা/রাজশাহী অঞ্চল, বগুড়া/ খুলনা অঞ্চল, খুলনা/ উপপরিচালক কাম-কীপার, জাতিতাত্ত্বিক জাদুঘর, আগ্রাবাদ, চট্টগ্রাম। (অধস্তন সংশ্লিষ্ট সকল কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।
- ৪। সকল সহকারী পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর।
- ৫। সকল ফিল্ড অফিসার/কাস্টোডিয়ান, প্রত্নতত্ত্ব অধিদপ্তর এবং
- ৬। সকল গবেষণা সহকারী/সহকারী কাস্টোডিয়ান, প্রত্নতত্ত্ব অধিদপ্তর।

